

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

খাসজমি-২ শাখা

www.minland.gov.bd

৩০ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ:-----

১৩ মে ২০১৯ খ্রিষ্টাব্দ।

স্মারক নম্বর-ভূ:ম:/শা-৪/খাজব-৬৮/২০০৫-১৬৪

বিষয়: বরগুনা জেলার পাথরঘাটা মৌজার ৫০৫ দাগের ০.৪৭ একর এবং ঘুটাবাছা মৌজার ২৯৯৯/৩৩৯৬ দাগের ০.৪৮ একরসহ সর্বমোট ০.৯৫ একর জমি পাথরঘাটা কলেজের অনুকূলে বন্দোবস্ত প্রস্তাব অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র: শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্য, ১১০, বরগুনার এর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বরগুনা জেলার পাথরঘাটা মৌজার ৫০৫ নম্বর দাগের ০.৪৭ একর এবং ঘুটাবাছা মৌজার ২৯৯৯/৩৩৯৬ নম্বর দাগের ০.৪৮ একরসহ সর্বমোট ০.৯৫ একর জমি পাথরঘাটা কলেজের অনুকূলে বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ করেছেন। উক্ত প্রস্তাবের নিম্নোক্ত তথ্যাদি প্রেরণ করা আবশ্যিক:

- (ক) অকৃষি খাসজমি বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৫ এর ৩.০ (দ) অনুচ্ছেদে খালের জমি বন্দোবস্তের আওতায় আসবেনা মর্মে নির্দেশনা থাকাবস্থায় এবং বিভিন্ন সময় খালের জমির শ্রেণি পরিবর্তন না করার নির্দেশনা থাকা সত্ত্বেও উক্ত জমির শ্রেণি পরিবর্তনের প্রস্তাব প্রেরণের বিষয়ে ব্যাখ্যা চাওয়া যেতে পারে;
- (খ) বড় পাথরঘাটা খালের কি পরিমাণ জমি অবৈধ দখলে আছে এবং তা উদ্ধারের জন্য জেলা প্রশাসন হতে কি ব্যবস্থা নেয়া হয়েছে;
- (গ) পৌর এলাকার উক্ত খালটি পুনরায় প্রবাহমান করা যায় কিনা এ বিষয়ে মতামত প্রদান;
- (ঘ) মাননীয় সংসদ সদস্য জনাব শওকত হাচানুর রহমান রিমন এর বিবেচ্যপত্রের আলোকে পাথরঘাটা কলেজের জন্য প্রস্তাবিত জমির পরিবর্তে বিকল্প স্থানে খাস জমি বন্দোবস্ত দেয়া যায় কিনা সে বিষয়ে মতামত প্রেরণ।

এমতাবস্থায়, উপরিলিখিত তথ্যাদি/মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাঃ

(মো: হারুন অর রশিদ)

সহকারী সচিব

ফোন: ৯৫৪০৮৯৭

জেলা প্রশাসক

বরগুনা।

স্মারক নম্বর-ভূ:ম:/শা-৪/খাজব-৬৮/২০০৫-১৬৪

৩০ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ:-----

১৩ মে ২০১৯ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।

০২। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। অফিস কপি।

হারুন অর রশিদ
১৬/৫/১৯

(মো: হারুন অর রশিদ)

সহকারী সচিব